

💵 দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ লেনদেন ও ব্যবসা-বাণিজ্য রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

আমি এক হোটেলে চাকরি করি। সেখানে মদও দিতে হয়। হোটেলে কাজ করা কি আমার জন্য বৈধ?

সে হোটেল ছেড়ে অন্য কাজ দেখে নেওয়া জরুরি। নচেৎ নিরুপায় হয়ে সেখানে চাকরি করতে হলে মদ পরিবেশনার কাজ করবেন না। অন্য কোন কাজ করুন, পরিষ্কার পরিছন্ন করার কাজ অথবা (হালাল) খাবার পাকাবার কাজ ইত্যাদি। (ইবনে জিবরিন) নচেৎ মদ্য পরিবেশকও অভিশপ্ত। আল্লাহর রাসুল (সঃ) বলেন, "মদ পানকারী, মদ পরিবেশনকারী, তার ক্রেতা ও বিক্রেতাকে, তার প্রস্তুত কারকে, যার জন্য প্রস্তুত করা হয় তাকে, তার বাহককে ও যার জন্য বহন করা হয়, তাকে আল্লাহ অভিশাপ করেছেন।" (আবু দাউদ ৩৬৭৪, ইবনে মাজাহ ৩৩৮০ নং)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2271

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন